উপজেলা পরিষদ কার্যালয়

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সেপ্টেম্বর, ২০১৪ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ০৭ সেপ্টেম্বর, ২০১৪ খ্রি.
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি ঃ মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদেস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়করণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	উক্ত মাসে ষ্টেন্ডিং কমিটির কোন সভা অনুষ্ঠিত হয় নি বিধায় ষ্টেন্ডিং কমিটির সুপারিশমালা নিয়ে কোন আলোচনা হয়নি।	-	-
৪	উপজেলা গভর্ন্যান্স প্রকল্প সমূহের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রস্তাবিত ১৮টি প্রকল্পের প্রাক্কলন বিগত সভায় অনুমোদন ও দৃঢ়ী করণ করা হয় এবং জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি দেওয়ার জন্য সভায় আলোচনা হয় এবং দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ শুরু করার বিষয়ে আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে অনুমোদিত ১৮ টি প্রকল্পের কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসার, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৫	বিবিধ	ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বিগত ০৪/০৯/২০১৪ খ্রি, তারিখে ঢাকাস্থ সুনামগঞ্জ সমিতির উদ্যোগে সুনামগঞ্জ শহরের পাদদেশে সুরমা নদীতে নৌকা বাইচ প্রতিযোগিতায় উপজেলার পক্ষ থেকে অংশ গ্রহণ বাবদ ৩৫,০০০/ (পঁয়ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে এবং ১৫ আগস্ট ২০১৪ খ্রি, তারিখে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৯ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত বিল উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের জন্য অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আকমল হোসেন বিগত এপ্রিল,মে,জুন ও আগস্ট/২০১৪ মাসের ভ্রমন ভাতা বিল দাখিল করেন। মোট ভ্রমণ ভাতার পরিমাণ ৩২,০০০/= টাকা। তিনি উক্ত ভ্রমণ বিলটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার আরো জানান যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন পর্যায়ে গ্রামীন খেলাধুলা অনুষ্ঠানের পরে বিগত ২২-০৮-২০১৪ খ্রি. তারিখে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। এখাতে সরকারী বরাদ্দের অতিরিক্ত ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত বিল উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের জন্য অনুরোধ করা হয়।	বিস্তারিত আলোচনান্তে ঢাকাস্থ সুনামগঞ্জ সমিতির উদ্যোগে নৌকা বাইচ প্রতিযোগিতার জন্য ব্যয়িত ৩৫,০০০/= (পঁয়ত্রিশ হাজার) টাকা ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ব্যয়িত ২৫,০০০/ (পঁচিশ হাজার) টাকা এবং উপজেলা পর্যায়ে গ্রামীন খেলাধুলা প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য ব্যয়িত অতিরিক্ত ৩০,০০০/= টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		খ) উপজেলা কৃষি কর্মকর্তা জানান বাংলাদেশ সরকার ২০১০ সালে প্রথম কৃষি সহায়তা কার্ড প্রদান শুরু করেছিল। বর্তমান অর্থ বছরে আবারও প্রকৃত কৃষকদের কৃষি সহায়তা কার্ড প্রদানের জন্য কার্যক্রম শুরু হয়েছে। তিনি জানান যারা কার্ড হারিয়ে ফেলেছেন ও যাদের কার্ড নষ্ট হয়ে গেছে তাদেরকে পুনরায় কার্ড করার	বিস্তারিত আলোচনান্তে প্রকৃত কৃষকদের কৃষি সহায়তা কার্ড প্রদান ও বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠার জন্য উপজেলা কৃষি	

		সুযোগ রয়েছে এবং যে সমস্ত খানা বা পরিবারে প্রকৃত কৃষক রয়েছেন কৃষি সহায়তা কার্ড করতে পারেননি তারা নতুন করে কৃষি সহায়তা কার্ড করতে পারবেন। এছাড়া তিনি জানান পর্যাপ্ত পরিমান ইউরিয়া সার ও টিএসপি সার পাওয়া গিয়েছে এবং বর্তমানে বন্যায় ২০ হেক্টর বীজতলা, প্রায় ৫০০ হেক্টর আমন ক্ষেত বন্যায় ক্ষতি হয়েছে। তিনি ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	অধিদপ্তরকে আর্থিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		গ) উপজেলা প্রকৌশলীর পক্ষে তার প্রতিনিধি জনাব ধীরেন্দ্র সুত্রধর জানান উপজেলা পরিষদের ইলেকট্রিশিয়ানের ছোট খাটো ইলেকট্রিক কাজ বাস্তবায়নের জন্য ইলেকট্রিক যন্ত্রাদি ক্রয় বাবদ ৭৫০০/= টাকার বিল ভাউচার দাখিল করেন। ব্যয়িত বিল উপজেলা রাজস্ব তহবিলের রক্ষনাবেক্ষণ খাত হতে পরিশোধের জন্য অনুরোধ করেন। বিগত ৩০/০৪/২০১৪ খ্রি. তারিখে চিলাউড়া হলদিপুর ইউনিয়নে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় সরকারী সফরে আগমন করেন। কিন্তু প্রতি মধ্যে জগন্নাথপুর স্বজনশ্রী ভায়া চিলাউড়া রাস্তার রসুলপুর নামক স্থানে অবস্থিত ব্রীজটির এপ্রোচ অতি ঘর্ষনের ফলে ক্ষতিগ্রস্থ্য হওয়ায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সফর উপলক্ষে বরং রাস্তাটি গুরুত্বপূর্ণ বিধায় ক্ষতিগ্রস্থ্য ব্রীজের এপ্রোচ জরুরী ভিত্তিতে মেরামত করতে হয়েছে। সেই লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক ৫০,০০০/= টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। এছাড়া তিনি জানান রানীগঞ্জ ও রসুলগঞ্জ বাজারের প্রাক্কলন হয়ে গেছে। দ্রুত টেন্ডার দিয়ে কাজ শুরু করা হবে। চেয়ারম্যান রানীগঞ্জ ইউপি জানান কুশিয়ারা নদীর পানি অতিরিক্ত বৃদ্ধির কারণে বেরি বাধের উপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। এমনকি রানীগঞ্জ বাজারের প্রায় প্রত্যেক গলিই পানিতে ডুবে গেছে। অনেক পরিবার পানি বন্দি অবস্থায় আছে। তিনি বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারদেরকে আর্থিকভাবে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার প্রকৃত বন্যায় ক্ষতিগ্রস্থদের নাম তালিকা প্রদানের জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী আরও জানান সৈয়দপুর এলাকার কয়েক হাজার একর জমি রক্ষার্থে কাঠাগাং/ নদীতে বাধ নির্মাণের জন্য সুইচ গেইট/রেগুলেটার/রাবার ডেম করার নিমিত্তে এলজিইডি সুনামগঞ্জ নির্বাহী প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করা হয়।	আলোচনান্তে দায়িত্বপ্রাপ্ত ইলেক্ট্রিশিয়ানকে প্রয়োজনীয় যন্ত্রাদি ক্রয়ের জন্য ৭৫০০/ (সাত হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে প্রদান ও চিলাউড়া হলদিপুর ইউনিয়নের রসুলপুর নামক স্থানে অবস্থিত ব্রীজটির এপ্রোচ জরুরী ভিত্তিতে মেরামত করা হয়।এই ব্যয় চলতি বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের থোক বরাদ্দ থেকে মিটানো হবে। এছাড়া বন্যায় ক্ষতি গ্রস্থদের আর্থিক ভাবে সহযোগিতার জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সৈয়দপুর এলাকার কয়েক হাজার একর জমি রক্ষার্থে কাঠাগাং/ নদীতে বাধ নির্মাণের জন্য সুইচ গেইট/রেগুলেটার/রাবার ডেম করার করার নিমিত্তে এলজিইডি সুনামগঞ্জ নির্বাহী প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঘ) উপজেলা শিক্ষা অফিসার জানান অত্র উপজেলায় বেশ কিছু স্কুলে প্রধান শিক্ষক সংকট রয়েছে। তিনি জানান নতুন নিয়োগ এলেই কিছু দিনের মধ্যে এ সমস্যার সমাধান করা যাবে। এছাড়া তিনি শুক্লাম্বরপুর স্কুল ফিডিং কার্যক্রম শুরু করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।	বিস্তারিত আলোচনান্তে নতুন নিয়োগের মাধ্যমে উপজেলা সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক সংকট সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান বর্তমানে মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তির টাকা সেকায়েপ প্রজেক্টের মাধ্যমে দেওয়া হবে এবং এ প্রজেক্টের টাকা অগ্রণী ব্যাংকের মাধ্যমে দেওয়া হবে। নিজ উপজেলা অগ্রণী ব্যাংকের কোন শাখা না থাকলে নিকটবর্তী পার্শবর্তী উপজেলায় থাকলে সেখানে উপজেলা প্রকৌশলীর নামে একাউন্ট খুলতে হবে। এ প্রজেক্টের টাকা উপজেলা প্রকৌশলীর মাধ্যমে দেওয়া হবে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর তদারকী করিবেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেকায়া প্রজেক্টের মাধ্যমে উপবৃত্তি পাওয়ার জন্য অত্র উপজেলায় অগ্রণী ব্যাংকের কোন শাখা না থাকায় পার্শবর্তী বিশ্বনাথ উপজেলার কালিগঞ্জ বাজারে একাউন্ট খুলার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		চ) উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগীতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ছ) উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগীতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		জ) উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের আওতায় বেকার যুকত ও যুব মহিলাদের কৃষি, মৎস্য, গবাদি পশু পালন বিষয় বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান প্রতি ইউনিয়ন থেকে ২৭ জন করে গর্ভবর্তী দরিদ্র মাদের মাতৃত্ব কাল ভাতা প্রদান করা হবে। তিনি চেয়ারম্যান মহোদয়গণকে নাম তালিকা প্রদানের অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে গর্ভবর্তী দরিদ্র মাদের নাম তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৩-২০১৪/ (৪০) তারিখ ঃ- ০৭/০৮/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব...,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা...,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,..ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব.. ।
১০. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।